গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
প্রশাসন-২ শাখা

"শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা"

জাতীয় শোক দিবস-২০২১ পালন উপলক্ষে কর্মসূচি চূড়ান্তকরণের বিষয়ে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ সায়েদুল ইসলাম সচিব
সভার তারিখ	১৮ জুলাই, ২০২১ তারিখ রবিবার
সভার সময়	বিকাল ৩.০০ ঘটিকা।
স্থান	জুম প্লাটফর্মে।
উপস্থিতি	মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থার কর্মকর্তাগণ।

সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকী যথাযথভাবে পালন করতে হবে। এ জন্য জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে আমাদের কর্মসূচি প্রণয়ন করতে হবে। জাতীয় পতাকার রং, সাইজ এবং জাতীয় পতাকা উত্তোলনে সঠিক নিয়ম অনুসরণ করতে হবে। এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস-২০২১ পালন উপলক্ষে কর্মসূচি চূড়ান্তকরণের জন্য ০৫ জুলাই ২০২১ সোমবার মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার কার্যবিবরণী ইতোমধ্যে পাওয়া গেছে। সভায় গৃহীত কর্মসূচিগুলোর মধ্যে ০৮টি কর্মসূচি এ মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থা সংশ্লিষ্ট। এ মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থার কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন।

০২। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

নং	জাতীয় কর্মসূচিসমূহ	গৃহীত সিদ্ধান্ত
১।	(১) ১৫ আগষ্ট ২০২১ তারিখ রবিবার সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারী ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনিমিত থাকবে।	কর্মসূচি যথাযথভাবে পালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। উল্লেখ্য, পতাকার রং, সাইজ এবং জাতীয় পতাকা উত্তোলনে সঠিক নিয়ম অনুসরণ করতে হবে। **বাস্তবায়নেঃ মবিঅ, জামস, বাশিএ এবং জয়িতা ফাউন্ডেশন।**
২।	(২) সকাল ৬.৩০ ঘটিকায় ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ, সশস্ত্র বাহিনী কর্তৃক অনার গার্ড প্রদান এবং মোনাজাত।	এ মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার প্রধানগণ স্ব স্ব প্রতিষ্ঠানের ব্যানারে ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ করবেন। যুগ্মসচিব (প্রশাসন) সার্বিক সমন্বয়কের দায়িত্ব পালন করবেন। **বাস্তবায়নেঃ মশিবিম, মবিঅ, জামস, বাশিএ এবং জয়িতা ফাউন্ডেশন।**

৩।	(১০) শিক্ষা প্রতিষ্ঠান, শিশু একাডেমি বা অনুরুপ প্রতিষ্ঠানের অনুরোধের ভিত্তিতে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর জাতীয় শোক দিবস ও বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক বক্তৃতার আয়োজন করতে পারে।	জাতীয় কর্মসূচির সঙ্গে সামঞ্জস্য রেখে কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে। **বাস্তবায়নেঃ বাশিএ।**
৪।	১১(ঘ) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় তার আওতাধীন সংস্থা ও দপ্তরের মাধ্যমে জাতীয় কর্মসূচির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কর্মসূচি গ্রহণ করে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের কার্যক্রম গ্রহণ করবে।	জাতীয় কর্মসূচির সঙ্গে সামঞ্জস্য রেখে কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে। **বাস্তবায়নেঃ মবিঅ, জামস, বাশিএ এবং জয়িতা ফাউন্ডেশন।**
৫।	১২(ক) জেলা ও উপজেলা পর্যায়ে যথাযোগ্য মর্যাদার সঙ্গে জাতীয় শোক দিবস পালনের জন্য আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন এবং জাতীয় কর্মসূচির সঙ্গে সঙ্গতি রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে। জেলা ও উপজেলায় আয়োজিত অনুষ্ঠানসমূহে সরকারি কর্মকর্তাগণের উপস্থিতি আবশ্যিকভাবে নিশ্চিত করতে হবে। সকল মন্ত্রণালয়/বিভাগ অধিনস্থ দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তাগণের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করার প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে।	১। জেলা ও উপজেলা অফিসসমূহে জাতীয় কর্মসূচির সঙ্গে সামঞ্জস্য রেখে কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে। ২। জেলা ও উপজেলায় আয়োজিত অনুষ্ঠানসমূহে দপ্তর/সংস্থার কর্মকর্তাগণের উপস্থিতি আবশ্যিকভাবে নিশ্চিত করতে হবে। **বাস্তবায়নেঃ মবিঅ, জামস এবং বাশিএ।**
৬।	(১৫) জাতীয় কর্মসূচির আলোকে মন্ত্রণালয়/ বিভাগসমূহ স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করবে এবং অধিনস্থ সংস্থা ও দপ্তরে উক্ত কর্মসূচি পালন নিশ্চিত করবে। সকল মন্ত্রণালয়/ বিভাগ জুলাই ২০২১-এ একটি প্রস্তুতিমূলক সভা এবং আগষ্ট ২০২১ এর প্রথম সপ্তাহে ফলোআপ সভা করবে।	১। আগামী ০৫ আগষ্ট, ২০২১ তারিখ সকাল ১১.০০ টায় এ মন্ত্রণালয়ে ফলোআপ সভা অনুষ্ঠিত হবে। ২। জাতীয় কর্মসূচির আলোকে আওতাধীন দপ্তর/সংস্থা প্রণয়নকৃত কর্মসূচির প্রস্তুতি নিয়ে ফলোআপ সভা করবে। **বাস্তবায়নেঃ মশিবিম, মবিঅ, জামস, বাশিএ এবং জয়িতা ফাউন্ডেশন।**
৭।	(১৬) বঙ্গবন্ধুর অসামপ্ত আত্মজীবনী, কারাগারের রোজনামচা, সিক্রেট ডকুমেন্ট অব ইন্টেলিজেন্স ব্রাঞ্চ অন ফাদার অব দি নেশন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, আমার দেখা নয়া চীন ও বাংলাদেশ শিশু একাডেমী কর্তৃক শিশুদের জন্য প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক ২৬টি গ্রন্থ সকল শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ক্রয় ও পাঠের ব্যবস্থা এবং রাষ্ট্রীয় অনুষ্ঠান ও কৃতী শিক্ষার্থীদের উপহার হিসাবে প্রদানের জন্য নির্দেশনা প্রদান করতে হবে।	বাংলাদেশ শিশু একাডেমী কর্তৃক প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক ২৬টি গ্রন্থ সকল শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ক্রয় ও পাঠের ব্যবস্থা এবং রাষ্ট্রীয় অনুষ্ঠান ও কৃতী শিক্ষার্থীদের উপহার হিসাবে প্রদানের জন্য অনুরোধ জানিয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে ডি.ও পত্র প্রেরণ করতে হবে। **বাস্তবায়নেঃ বাংলাদেশ শিশু একাডেমি।**
৮।	(১৮) জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ, জেলা ও উপজেলায় প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদান করবে।	জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে জেলা ও উপজেলায় প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদান করতে হবে। **বাস্তবায়নেঃ মবিঅ, জামস এবং বাশিএ।**
৯।	বিবিধ	জাতীয় শোক দিবস-২০২১ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির সঙ্গে সংগতি রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন করে আগামী ২৯/৭/২০২১ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে ই-মেইলে/ই-নথিতে প্রেরণ করতে হবে। **বাস্তবায়নেঃ মবিঅ, জামস, বাশিএ এবং জয়িতা ফাউন্ডেশন।**

০৩। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ সায়েদুল ইসলাম
সচিব

স্মারক নম্বর: ৩২.০০.০০০০.০১৯.২৩.০২৬.২১.৫৯০

তারিখ: ১০ শ্রাবণ ১৪২৮
২৫ জুলাই ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) দপ্তর প্রধান (সকল দপ্তর/সংস্থা), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
২) অতিরিক্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
৩) যুগ্মসচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৪) উপসচিব (সকল)/উপপ্রধান, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৫) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
৬) সিনিয়র সহকারী সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
৭) প্রোগ্রামার, আইসিটি শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
৮) সহকারী সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
৯) হিসাব রক্ষণ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
১০) লাইব্রেরিয়ান, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়



মোঃ মাসুদুর রহমান
উপসচিব